



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার নং-০৮

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ অনুমোদন/নবায়নে নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ এবং ঋণ নথিতে যথাযথভাবে সংরক্ষণ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন কোন জনস্বার্থ সংস্থা আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ/নবায়ন করার সময় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ আর্থিক বিবরণী জমা প্রদান না করে ভিন্ন নামে অভিহিত আর্থিক বিবরণী (যেমনঃ ম্যানেজমেন্ট অডিট রিপোর্ট, রিভিউ রিপোর্ট ইত্যাদি) জমা করে থাকে, যা আর্থিক প্রতিষ্ঠানসমূহে ঋণ শৃঙ্খলা নিশ্চিত করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে এবং খেলাপি ঋণের পরিমাণ বৃদ্ধি করছে।

০২। এক্ষেপে, আর্থিক প্রতিষ্ঠানে অধিকতর ঋণ শৃঙ্খলা নিশ্চিতকরণ এবং খেলাপি ঋণ হ্রাসকল্পে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

ক) আর্থিক প্রতিষ্ঠানে ঋণ শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে এবং ঋণ প্রক্রিয়ায় স্বচ্ছতা নিশ্চিতকরণার্থে ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ২(৮) ধারায় সংজ্ঞায়িত কোন জনস্বার্থ সংস্থার অনুকূলে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের সময় বাধ্যতামূলকভাবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস কর্তৃক নিরীক্ষিত এবং স্টেকহোল্ডারদের জন্য প্রণীত হালনাগাদ Statutory Audit Report এবং নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করে তা যথাযথভাবে ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। এতদ্ব্যতীত, আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ অনুমোদন/নবায়নের ক্ষেত্রে অন্য যে সকল প্রতিষ্ঠানের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন গ্রহণ করার প্রয়োজনীয়তা থাকবে তাও যথাযথভাবে ঋণ নথিতে সংরক্ষণ নিশ্চিত করতে হবে; এবং

খ) আর্থিক প্রতিষ্ঠানে ঋণ শৃঙ্খলা নিশ্চিতকরণ এবং খেলাপি ঋণ হ্রাসকল্পে ঋণগ্রহীতা কর্তৃক দাখিলকৃত আর্থিক প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যাচাইকালে প্রতিবেদনের তথ্যাবলি ICAB কর্তৃক প্রণীত DVS-এ প্রদত্ত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা নিশ্চিত হতে হবে। এ লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানসমূহ DVS ব্যবহার করার নিমিত্ত স্বীয় উদ্যোগে ICAB এর সাথে যোগাযোগ স্থাপনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ (ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৭৮